St Joseph's Hospice

আওয়ার কেয়ার

সিস্টার্স অফ চ্যারিটি-র দ্বারা 1905 সালে প্রতিষ্ঠিত, সেইন্ট জোসেফস্ হসপিস হল যুক্তরাজ্যের একটি অতি প্রাচীন এবং বিশাল রুগ্নাশ্রম, যারা সিটি ও হ্যাকনি, টাওয়ার হ্যামলেটস্, নিউহ্যাম এবং পার্শ্ববর্তী এলাকাগুলিতে আমাদের কোর বারোগুলির প্রায় 2.1 মিলিয়ন মানুষকে সাহায্য করছে।

আমাদের সমাজে যারা জীবনের শেষ পর্যায়ে আসন্ন তাদের বিনামূল্যে, উচ্চমানের, বিশেষজ্ঞ উপশমকারী পরিচর্যা এবং সহায়তা প্রদান করার জন্য আমরা দায়বদ্ধ। আমরা সামগ্রিক পদক্ষেপ নিই, একজন ব্যক্তির আর তাদের প্রিয়জনদের সুখশান্তির খেয়াল রাখি।

আমাদের পরিষেবায় আছে:

- ইনপেশেন্ট পরিচর্যা
- বাসায় উপশমকারী পরিচর্যা
- জনসমাজ এবং দিনের পরিষেবা
- থেরাপি
- উপদেশ এবং পরামর্শ দেওয়া

সেইন্ট জোসেফস্ হসপিস বৈচিত্র এবং অন্তর্ভুক্তি পালন ও প্রচার করার জন্য দায়বদ্ধ।

ইংরেজি আপনার মাতৃভাষা না হলে অনুগ্রহ করে আমাদের জানাবেন যাতে আমরা আপনার জন্য একজন দোভাষীর বন্দোবস্ত করতে পারি।

আপনি আপনার ভাষায় আমাদের একটি প্রচারপত্র পেতে চাইলে, অনুগ্রহ করে আমাদের বলবেন।

24 ঘন্টা সহায়তা এবং পরামর্শের জন্য 0300 30 30 400 নম্বরে ফার্স্ট কনট্যাক্ট টিম-কে ফোন করুন।

StJoHospice StJoHospice
St Joseph's Hospice stj.org.uk

ইনপেসেন্ট এবং বিরাম পরিচর্যা

বর্তমানে আমাদের দুইটি ওয়ার্ড আছে, লর্ডেস এবং সেইন্ট মাইকেলস্, যাদের প্রত্যেকের 17টি বেড আছে। যে রোগীরা এই ওয়ার্ডগুলিতে থাকেন তাদের মধ্যে অনেকে অল্প সময় প্রতিকার ও শুশ্রূষা পাওয়ার পরে বাসায় ফিরে যাবেন আর অনেকে অল্পদিন চিকিৎসা পাওয়ার পরে বাসায় ফিরে যাবেন। আমাদের পেশাদার ব্যক্তিদের একটি বড় দল আছে যারা রোগী এবং তার পরিবার/সেবকের সাথে কাজ করবে। কিছু রোগী অতিরিক্ত অসুস্থ হয়ে যান তার ফলে বাসায় ফিরে যেতে পারেন না বা এই হসপিসে মৃত্যু বরণ করতে চাইতে পারেন।

আমাদের একজনের, দুইজনের এবং চারজনের জন্য ঘর আছে। এই ঘরগুলি কেবল একই লিঙ্গের মানুষদের জন্য।

আমাদের বিরাম ও পুনর্বাসন পরিষেবা, বিশেষজ্ঞ উপশমকারী পরিচর্যার প্রয়োজন থাকা মানুষদের 1-2 সপ্তাহ থাকতে দিতে পারে প্রয়োজনের একটি মূল্যায়নের পরে। দলগুলি আপনার সাথে কাজ করবে, যেমন স্বতন্ত্র থাকার জন্য উপায় খুঁজতে আপনাকে সক্ষম করবে আর আপনার সুখশান্তি বাড়াবে।

জনসমাজে উপশমকারী পরিচর্যা

আমাদের কমিউনিটি পেলিয়েটিভ কেয়ার টিম (CPCT) জীবন-সীমাবদ্ধকারী অসুস্থতা এবং অন্তিম অসুখ থাকা মানুষদের বিভিন্ন অবস্থানে পরিচর্যা, পরামর্শ এবং সহায়তা প্রদান করে যেমন রোগীর বাসায়, সেবাশ্রমে, এবং অন্য আবাসিক জায়গায়।

CPCT আপনাকে পরিচর্যা দেওয়ার জন্য জনসমাজের জেনারেল প্র্যাক্টিশনার এবং জেলা নার্সদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে।

এই দলের মধ্যে বিভিন্ন ধরণের পেশাদার ব্যক্তি থাকেন যারা শারীরিক এবং ধর্মীয় প্রয়োজনের জন্য সাহায্য করেন, নিদানিক বিশেষজ্ঞ নার্স, পেশাগত থেরাপিস্ট, সমাজসেবা কর্মী, ফিজিওথেরাপিস্ট, বিশেষজ্ঞ ডাক্তার এবং পরামর্শদাতা। ওনারা আপনার অসুখের বিভিন্ন পর্যায়ে জড়িত হতে পারেন।

ডে হসপিস

ডে হসপিস জীবন-সীমাবদ্ধকারী মানুষদের প্রচুর রকমের পরিষেবা পেতে সাহায্য করে। আপনি 12 সপ্তাহ, সপ্তাহে একদিন হসপিসে আসবেন অনুরূপ অবস্থায় থাকা অন্য মানুষদের সাথে একদিন কাটানোর জন্য।

আপনি যখন হসপিসে আসেন তখন আমরা আপনার প্রয়োজনগুলি মেটানোর জন্য দিনটি সাজিয়ে নিই, এবং আপনি কেমন সামলাচ্ছেন তার উপর নজর রাখি। এর মধ্যে থাকবে আপনার অসুখের জন্য আপনার যে শারীরিক, সামাজিক, ধর্মীয় আর আবেগময় অসুবিধা হচ্ছে তার কয়েকটি সামলানো। আপনার কিছু সাহায্য লাগলে বা আপনার কোনও দুশ্চিন্তা থাকলে আমাদের অভিজ্ঞ কর্মীদের পাওয়া যাবে।

ডে হসপিসের পরিবেশ বন্ধুসুলভ, যত্নশীল যেখানে আপনার নতুন বন্ধু হতে পারে আর আপনি মজার কার্যকলাপে অংশগ্রহণ করতে পারেন। আমাদের স্বেচ্ছাসেবক আছে যারা নিয়মিত যোগ দিয়ে দলকে নেতৃত্ব দেয়, যেমন চারুকলা এবং কারুশিল্পে, খেলাধুলো করে এবং পার্টি দেয়।

শারীরিক থেরাপি

আমাদের ফিজিওথেরাপিস্ট, বাচন ও ভাষা থেরাপিস্ট এবং ডায়াটিশিয়ানের দল আপনার অসুখের সীমাবদ্ধতার মধ্যে ব্যক্তিগত লক্ষ্য অর্জন করতে আপনাকে সাহায্য করতে পারে। আপনি একলা জামাকাপড় পরতে বা দোকানে যেতে চান কী না, তার জন্য আমাদের এমপাওয়ার্ড লিভিং দল আপনার সুবিধার জন্য একটি কর্মসূচী তৈরি করতে পারে, হয় হসপিসে বা আপনার বাসায়।

জীবন-সীমাবদ্ধকারী অসুখ থাকা মানুষদের জন্য ভাল পথ্য এবং পুষ্টি আবশ্যক এবং আপনার শক্তি বাড়নোর জন্য আপনার সঠিক আহার ঠিক করতে আমরা আপনাকে সাহায্য করতে পারি। আমাদের পেশাগত থেরাপিস্টরা হাঁফ-ধরা, যন্ত্রণা বা ক্লান্তির উপসর্গ সামলানোর জন্য আপনাকে সাহায্য করতে পারেন।

প্রিয়বিয়োগের জন্য সহায়তা

পরিবারের এক সদস্য বা বন্ধুর মৃত্যু, যন্ত্রণাদায়ক এবং উদ্বেগজনক হতে পারে। আপনি কেমন বোধ করছেন এবং আপনার যে পরিবর্তনগুলি হয়েছে সেই বিষয়ে আপনাকে হয়ত একজনের সাথে কথা বলতে হতে পারে। সাহায্য করার জন্য সেইন্ট জোসেফস্-এ আমাদের একটি অতি প্রশিক্ষিত এবং অভিজ্ঞ পরামর্শদাতার দল আছে।

আমরা বিভিন্ন পরিবেশে প্রিয়বিয়োগের পরামর্শ দিই যাতে আপনি আপনার বিশেষ পরিস্থিতির জন্য একটি পরিবেশ পেতে পারেন। হসপিসে আমাদের পরামর্শ করার ঘর আছে, আমরা টেলিফোন বা পারিবারিক থেরাপির মাধ্যমে আপনাকে সাহায্য করতে পারি, এছাড়াও আমাদের সহায়তা গোষ্ঠী বা সামাজিক ক্লাব আছে।

মানসিক থেরাপি

জীবন-সীমাবদ্ধকারী অসুখ থাকা মানুষদের মধ্যে আবেগময় সন্তাপ এবং দুশ্চিন্তা অস্বাভাবিক নয় এবং তার প্রতিক্রিয়া বোধগম্য যা যন্ত্রণাদায়ক এবং কষ্টকর অভিজ্ঞতা হতে পারে। পরিবারের সদস্য এবং বন্ধুবান্ধব, আর বাচ্চাদেরও অসুবিধা হতে পারে। আমদের অভিজ্ঞ পরামর্শদাতা এবং থেরাপিস্টের দল আপনার পরিবারকে সাহায্য করতে পারে একজন ব্যক্তি, গোষ্ঠী, পরিবার বা কলা থেরাপির মাধ্যমে নিরাপদ ও সংবেদনশীল উপায়ে আপনার পরিস্থিতির বিষয়ে কথা বলার জন্য।

সমাজসেবা এবং ভাতার বিষয়ে পরামর্শ

আমাদের সমাজসেবা দল হসপিসে বা সমাজে রোগী এবং সেবকদের ব্যবহারিক ও আবেগময় সহায়তা দিতে পারে। ঋণ, DWP ভাতা দাবি করে আপনার আয় সর্বোচ্চ স্তরে নিয়ে আসা এবং ট্যাক্সি কার্ড, ব্লু ব্যাজ এবং স্বাস্থ্য বিষয়ক মূল্যছাড় সংগ্রহ করার ক্ষেত্রে আপনাকে সাহায্য করার জন্য আমরা রেফারাল সহায়তা প্রদান করতে পারি।

পরিপূরক থেরাপি

আমরা পূর্ণ ব্যক্তির যত্ন করি, যার মানে আপনার মানসিক সুখশান্তি আর শারীরিক প্রয়োজনগুলির জন্য সাহায্য করা। আমরা বহু রকমের পরিপূরক থেরাপি দিই যেমন অ্যাকুপাঙ্কচার, অ্যারোমাথেরাপি, মাইন্ডফুলনেস এবং রিফ্লেক্সোলজি, যাতে আপনি অসুখের সৃষ্টি করা কিছু মানসিক চাপ সামলাতে পারেন। এতে আরাম হতে পারে এবং আপনার কিছু উপসর্গও সেরে যেতে পারে।

আমাদের রোগী, তাদের পরিবার এবং সেবকদের সকল চিকিৎসা বিনামূল্যে করা হয়, এবং আমাদের স্বেচ্ছাসেবকরা চিকিৎসা করেন যারা হলেন পূর্ণ প্রশিক্ষিত পেশাদার ব্যক্তি।

এই পরিষেবাগুলির বিষয়ে অতিরিক্ত তথ্যের জন্য, বা একটি অ্যাপয়েন্টমেন্ট করার জন্য অনুগ্রহ করে 0300 30 30 400 নম্বরে ফার্স্ট কনট্যাক্ট টিম-কে ফোন করুন।

St Joseph's Hospice,
Mare Street, Hackney,
London E8 4SA

টেলিফোন: 020 8525 6000
ই-মেল: info@stjh.org.uk
www.stjh.org.uk

St Joseph's Hospice

রিলিজিয়াস সিস্টার্স অফ চ্যারিটি-র প্রযত্নে 1905 সালে প্রতিষ্ঠিত। দাতব্য নং 1113125